

💵 কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

মিনার[1] উদ্দেশ্যে রওয়ানা

অতঃপর মিনার উদ্দেশ্যে রওয়ানা হবে এবং সেখানে যুহর, আসর, মাগরিব, ইশা ও ফজর (পাঁচ ওয়াক্ত) সলাত নিজ নিজ সময়ে কসর করে আদায় করবে। কারণ নাবী (সা.) এভাবেই আদায় করেছেন।

জাবির (রা.) হতে বর্ণিত, তিনি বলেন: তারবিয়ার দিন (৮ যিলহাজ্জ) সাহাবীগণ হাজ্জের তালবিয়া পাঠ করতঃ মিনার উদ্দেশ্যে রওয়ানা হলেন। আর নাবী (সা.) বাহনে চেপে মিনায় গমন করলেন। অতঃপর সেখানে যুহর, আসর, মাগরিব, ইশা ও ফজর সলাত আদায় করলেন।[2]

আর আব্দুল্লাহ বিন উমার (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল (সা.) মিনায় দু'রাক'আত করে সলাত আদায় করেন। আর আবূ বাকর ও উমার (রা.) দু'রাক'আত করে সলাত আদায় করেন এবং উসমান (রা.) তাঁর খেলাফত আমলের প্রথম ভাগে দু'রাক'আত করে সলাত আদায় করেন।[3]

নাবী (সা.) মিনায় যুহর ও আসর অথবা মাগরিব ও ইশা দু'সলাত একত্রিত করে আদায় করতেন না। আর যদি তিনি এমনটি করতেন তাহলে আরাফা ও মুযদালিফায় যেমন তাঁর থেকে দু'সলাত একত্রিত করার বিষয়টি বর্ণিত হয়েছে তেমনি মিনার ক্ষেত্রেও বর্ণিত হতো।

আর মক্কাবাসী ও অন্যান্য এলাকার লোকেরাও মিনা, আরাফা ও মুযদালিফায় কসর করবে। কারণ, নাবী (সা.) বিদায় হাজ্জে এসব স্থানে অন্যান্য এলাকার হাজীদের সাথে মক্কাবাসীদেরকেও সঙ্গে নিয়ে কসর সলাত আদায় করেছেন।

কিন্তু তিনি মক্কাবাসী হাজীদেরকে চার রাকা'আত সলাত সম্পন্ন করার নির্দেশ দেননি। যদি মক্কাবাসী হাজীদের জন্য (মিনায় অবস্থানকালে) সলাত চার চার রাক'আত করে আদায় করা ফর্ম হতো তাহলে তাদেরকে তেমনি আদেশ দিতেন যেমন তিনি মক্কা বিজয়ের বছর তাদের সঙ্গে সলাত আদায় করার পূর্বে এ বলে আদেশ দিয়েছেন:

يَا أَهْلَ مَكَّةَ أَتِمُّوا صَلاَتَكُمْ فَإِنَّا قَوْمٌ سَفْرٌ

হে মক্কাবাসীরা! তোমরা চার রাক'আত সলাত আদায় কর। কারণ, আমরা মুসাফির (দু'রাক'আত পড়ে সালাম ফিরে দিব)।[4]

ফুটনোট

[1]. মিনা কা'বা থেকে ৮ কিলোমিটার দক্ষিণ-পূর্বে অবস্থিত।



- [2]. সহীহ মুসলিম ১২১৮।
- [3]. সহীহ বুখারী ১৬৫৫,১৬৫৭।
- [4]. সহীহ: সুনানুন কুবরা বাইহাকী ৫৩২৮, আবূ দাউদ তায়ালিসী ৮৭৯, শারহু মা'আনিল আসার ২৫১৫।
- Source https://www.hadithbd.com/books/link/?id=9406

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন